মির্জাপুর উপজেলা পরিষদ সভার কার্যবিবরণী ঃ

সভাপতি	ঃ	মীর এনায়েত হোসেন মন্টু, চেয়ারম্যান উপজেলা পরিষদ, মির্জাপুর, টাংগাইল।
সভার স্থান	ঃ	উপজেলা পরিষদ সভাকক্ষ, মির্জাপুর, টাংগাইল।
তারিখ ও সময়	ঃ	২৪ আগস্ট ২০২১, সময়- বেলা- ১১.০০ ঘটিকা।
সভায় উপস্থিতি	ঃ	হাজিরা মোতাবেক সংশ্লিষ্ট রেজিষ্টারে সংরক্ষিত (পরিশিষ্ট "ক" তে দেখানো হলো)।

সভার শুরুতে শুভেচ্ছা জ্ঞাপন পূর্বক উপজেলা নির্বাহী অফিসার সভায় উপস্থিত উপজেলা পরিষদের চেয়ারম্যান মীর এনায়েত হোসেন মন্টু, মহিলা ভাইস চেয়ারম্যান মির্জা শামীমা আক্তার, ভাইস চেয়ারম্যান, আজহারুল ইসলাম, বিভাগীয় প্রধান কর্মকর্তা, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণসহ সকলকে স্বাগত জানান। তিনি বিভাগীয় কার্যক্রমে সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। তিনি বিধি অনুযায়ী সভাপতির আসন গ্রহণ পূর্বক সকলের উদ্দেশ্যে স্বাগত বক্তব্য প্রদানের জন্য উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়কে অনুরোধ জানান। সভাপতি সংশ্লিষ্ট সকলকে ঐক্যমত্যের ভিত্তিতে একযোগে কাজ করে এ উপজেলাকে উন্নয়ন করার আহবান জানান। মির্জাপুর উপজেলার আরও অধিকতর উন্নয়নে তিনি মাননীয় জাতীয় সংসদ সদস্য, ভাইস চেয়ারম্যানদ্বয়, পৌর মেয়র, বিভাগীয় প্রধান কর্মকর্তা ও ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের সহযোগিতা কামনা করেন। তিনি সভায় আরও উল্লেখ করেন যে, তাঁর অবস্থান থেকে তিনি এ উপজেলার সার্বিক উন্নয়নে সর্বাত্মক প্রচেষ্টা চালাবেন এবং মাননীয় জাতীয় সংসদ সদস্যকে এ বিষয়ে সহযোগিতা করার জন্য বিশেষভাবে অনুরোধ জানান। বিভাগীয় প্রধান কর্মকর্তাগণকে বিভাগীয় কার্যক্রমের তথ্যাদি সুস্পষ্টভাবে সভায় উপস্থাপনের এবং সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের অনুরোধ জানান। তিনি সকলকে নিয়ে আধুনিক মির্জাপুর গড়ার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন। অতঃপর সভাপতি মহোদয়ের অনুরোধক্রমে উপজেলা নির্বাহী অফিসার মহোদয় যথারীতি সভার কাজ শুরু করেন।

২। **পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন ঃ**

বিগত ২৮ জুন ২০২১ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। কার্যবিবরণীতে কোনরূপ সংশোধন বা সংযোজন না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়।

৩। **বার্ষিক উন্নয়ন কর্মসূচী সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত ঃ**

আলোচনা ঃ উপজেলা প্রকৌশলী মির্জাপুর, টাঙ্গাইল জানানা যে, ২০২১-২০২২ অর্থ বছরে এডিপি'র ১ম কিস্তির বরাদ্দ পাওয়া গেছে। বিধি মোতাবেক প্রকল্প গ্রহণ করা হবে।

সিদ্ধান্ত ঃ আলোচনান্তে বিধি মোতাবেক প্রকল্প গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী ও চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল), মির্জাপুর, টাঙ্গাইল।

৪। জাতি গঠন মূলক আলোচনা ঃ

ক্র:নং	বিভাগের নাম	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত/বাস্তবায়ন
৫.১	স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগ	উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন।	সভায় এ বিভাগ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে আলোচনান্তে বিভাগীয় কাজের সুষ্ঠু ধারা অব্যাহত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। বাস্তবায়নে ঃ (১) উপজেলা স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা, মির্জাপুর, টাংগাইল।
৫.২	কৃষি বিভাগ	**উপজেলা কৃষি কর্মকর্তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন।**	**সভায় এ বিভাগ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে কৃষকদের উপ-সহকারী কৃষি কর্মকর্তাদের মাধ্যমে পরামর্শ অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। বাস্তবায়নে ঃ (১) উপজেলা কৃষি কর্মকর্তা, মির্জাপুর**
৫.৩	মৎস্য বিভাগ	উপজেলা মৎস্য বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে মর্মে উপজেলা মৎস্য কর্মকর্তা সভাকে অবহিত করেন।	সভায় এ বিভাগ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে অত্র উপজেলায় মৎস্য হ্যাচারী কার্যক্রম, মৎস্য ও পশুখাদ্য আইন কার্যক্রম এবং প্রদর্শনী খামার স্থাপনসমূহ নিয়মিত পরিদর্শন কার্যক্রম অব্যাহতক রাখার জন্য উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ করা হয়। বাস্তবায়নে ঃ (১) উপজেলা মৎস্য কর্মকর্তা, মির্জাপুর, টাংগাইল।
৫.৪	প্রাণি সম্পদ বিভাগ	উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন।	এ বিভাগ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে বিভাগীয় কাজের আরও অধিকতর গতিশীলতা আনয়নের জন্য উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তাকে অনুরোধ করা হয়। বাস্তবায়নে ঃ উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, মির্জাপুর

৫.৫	পরিবার পরিকল্পনা বিভাগ	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন।	১। এ বিভাগ সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে বিভাগীয় কাজের এ ধারাবাহিকতা বজায় রাখাসহ জন্ম নিয়ন্ত্রণ কার্যক্রমে আরও অধিকতর গতিশীলতা আনয়নের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা পঃ পঃ কর্মকর্তাকে অনুরোধ করা হয়। বাস্তবায়নে ঃ উপজেলা পঃ পঃ কর্মকর্তা , মির্জাপুর, টাংগাইল।
৫.৬	প্রাথমিক শিক্ষা বিভাগ	উপজেলা শিক্ষা কর্মকর্তা প্রাথমিক শিক্ষা বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন।	এ বিভাগ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। শিক্ষার গুনগত মান উন্নয়নে নিয়মিত বিদ্যালয়সমূহ পরিদর্শন করার জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। বাস্তবায়নে ঃ (১) উপজেলা শিক্ষা কর্মকর্তা, মির্জাপুর।
৫.৭	মাধ্যমিক শিক্ষাবিভাগ	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন।	মাধ্যমিক শিক্ষার মান উন্নয়নে প্রমাপ অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন পূর্বক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। বাস্তবায়নেঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা,মির্জাপুর।
৫.৮	আইন-শৃংখলা বিভাগ	অফিসার-ইন-চার্জ, মির্জাপুর, টাঙ্গাইল জানান যে, তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ভাবে পরিচালিত হচ্ছে।	আইন-শৃংখলা বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে সুষ্ঠু আইন-শৃংখলা বজায় রাখার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ অব্যাহত রাখার জন্য অফিসার-ইন-চার্জ, মির্জাপুর থানাকে অনুরোধ করা হয়। বাস্তবায়নে ঃ অফিসার-ইন-চার্জ, মির্জাপুর থানা।
৫.৯	সমাজ সেবা বিভাগ	উপজেলা সমাজসেবা বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে মর্মে উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভাকে অবহিত করেন।	এ বিভাগ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে বিভাগীয় কাজের আরও অধিকতর গতিশীলতা আনয়নের জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। বাস্তবায়নে ঃ ১। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মির্জাপুর, টাঙ্গাইল।
৫.১০	দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ভাবে পরিচালিত হচ্ছে।	এ বিভাগ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং বিভাগীয় কার্যক্রমে গতিশীলতা বৃদ্ধি করার জন্য অনুরোধ করা হয়। বাস্তবায়নে ঃ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা মির্জাপুর
৫.১১	জনস্বাস্থ্যপ্রকৌশল বিভাগ	উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর জানান যে, তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ভাবে পরিচালিত হচ্ছে।	এ বিভাগ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় আলোচনান্তে তার বিভাগীয় কার্যক্রমে গতিশীলতা আনয়নের জন্য উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মির্জাপুর, টাংগাইলকে অনুরোধ করা হয়। বাস্তবায়নেঃউপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মির্জাপুর, টাংগাইল।
৫.১২	নিবার্চন বিভাগ	উপজেলা নির্বাচন কর্মকর্তা সভায় জানান তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে।	এ বিভাগ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে তার বিভাগীয় কার্যক্রমে গতিশীলতা আনায়নের জন্য উপজেলা নির্বাচন কর্মকর্তা কে অনুরোধ করা হয়। বাস্তবায়নেঃ উপজেলা নির্বাচন অফিসার মির্জাপুর, টাংগাইল
৫.১৩	সমবায় বিভাগ	উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে। তিনি জুলাই/২০২১ মাস পর্যন্ত অগ্রগতি প্রতিবেদন উপস্থাপন করেন।	এ বিভাগ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে, সভায় বিভাগীয় কার্যক্রমে গতিশীলতা আনয়নের জন্য উপজেলা সমবায় কর্মকর্তা, মির্জাপুর, টাংগাইলকে অনুরোধ করা হয়। বাস্তবায়নে ঃ উপজেলা সমবায় কর্মকর্তা, মির্জাপুর, টাংগাইল।
৫.১৪	খাদ্য বিভাগ	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে।	এ বিভাগ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে, সভায় বিভাগীয় কার্যক্রমে গতিশীলতা আনয়নের জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে অনুরোধ করা হয়। বাস্তবায়নে ঃ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, মির্জাপুর, টাংগাইল।
৫.১৫	মহিলা বিষয়ক বিভাগ	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে। তিনি জুলাই/২০২১ মাস পর্যন্ত অগ্রগতি প্রতিবেদন উপস্থাপন করেন।	এ বিভাগ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে, সভায় বিভাগীয় কার্যক্রমে গতিশীলতা আনয়নের জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মির্জাপুর, টাংগাইলকে অনুরোধ করা হয়। বাস্তবায়নে ঃ (১) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মির্জাপুর, টাংগাইল।

চলমান পাতা-০৩